সম্মানিত বিদ্যুৎ গ্রাহক, আসসালামু আলাইকুম। বিদ্যুৎ সংক্রান্ত সেবা সহজিকরণ ও আপনার দোরগোড়ায় নিয়ে আসার জন্য কতিপয় নির্দেশনা দেয়া হল আশা করি আপনাদের উপকার হবে।

✓ বাসায় /এলাকায় বিদ্যুৎ বিভ্রাট সংক্রান্ত যে কোনো অভিযোগ জানাতে যেমন লুজ সংযোগ, ট্রান্সফরমারের ফিউজ কাটা, অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা সংক্রান্ত যেকোন তথ্য জানাতে অভিযোগ নাম্বারে যোগাযোগ করুন। অভিযোগ নাম্বার ০১৩১৪১৭৪৬৩৮ ।

✓ বিলিং সংক্রান্ত সেবার জন্য:

> ওভার বিলিং / আন্ডার বিলিং সংক্রান্ত যে কোন সমস্যার জন্য বর্তমান রিডিং নিয়ে অথবা মিটারের ছবি তুলে সম্মানিত গ্রাহককে অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

> অনলাইনে বিদ্যুৎ বিল যাচাই করার নিমিত্তে bill.nesco.gov.bd এই লিংক এ যান। এখানে আপনার গ্রাহক নাম্বার দিন । বিদ্যুৎ বিলের অনলাইন কপি পাবেন । যেখানে আপনি বর্তমান রিডিং ,ব্যবহৃত ইউনিট, কত টাকা বিল এসেছে এবং পরিশোধের শেষ তারিখ কত তা জানতে পারবেন ।

> বিদ্যুৎ বিল হাতে পাওয়ার পর বিলের ইউনিট এর সাথে মিটারের ইউনিট মিলিয়ে নিবেন। এতে করে বিল সংক্রান্ত জটিলতা হ্রাস পাবে।

> বিদ্যুৎ বিলের কপি হাতে পাওয়ার পূর্বেই আপনার বিদ্যুৎ বিলটি অনলাইনে আপলোড হয়। বিলে প্রদত্ত গ্রাহক নম্বর দিয়ে আপনার বিলটি বিকাশ / জিপি / রবি /নগদ/ রকেট / ডিবিবিএল /ওয়ান ব্যাংক / মিডল্যান্ড ব্যাংক ইত্যাদির মাধ্যমে পরিশোধ করতে পারেন।

> বিল পরিশোধের নির্ধারিত তারিখের পরেও বিলম্ব মাশুল দিয়ে ব্যাংকে /অনলাইনে বিল পরিশোধ করতে পারবেন। পূর্বের মত কিস্তির সুবিধা থাকছেনা।

> মনে রাখবেন বকেয়া থাকলে বিদ্যুৎ থাকবে না, বিদ্যুৎ থাকলে বকেয়া থাকবে না ।

> বকেয়া বিল পরিশোধ করে নেসকোর কার্যক্রম স্বাভাবিক রাখতে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল ।

✓ শিল্প সংযোগটি ২০ কিলোওয়াটের উর্ধ্বে হলে বিইআরসি এর সার্কুলার অনুযায়ী গ্রাহক প্রান্তে পাওয়ার ফ্যাক্টর মান ০.৯৫ রাখতে ক্যাপাসিটর ব্যাংক / অটো পি এফ আই স্থাপন করুন । এতে আপনার বৈদ্যুতিক যন্ত্রপাতির আয়ুষ্কাল বৃদ্ধি পাবে ও পাওয়ার ফ্যাক্টর সংক্রান্ত জরিমানা আরোপ হবে না। আপনি আর্থিকভাবে লাভবান হবেন ।

✓গাইবান্ধা বাইরে থাকেন এমন গ্রাহকদের সমস্যা আমাদেরকে xen.snd2.gai bandha@nesco.gov.bd এই ই-মেইলে জানাতে পারেন ।

✓ নতুন সংযোগের ক্ষেত্রে জমির দলিল ,ভোটার আইডি, রঙিন ছবি ও অনলাইনে আবেদনের কপি সহ অফিসে যোগাযোগ করুন । অতি সত্বর আপনার সংযোগ প্রদান করা হবে।

✓ বিদ্যুৎ বিল কমাতে বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করুন । আইপিএস ফুল চার্জ হলে প্লাগ আউট করুন।

✓ অবৈধ বিদ্যুৎ ব্যবহার যেমন হুকিং করা, মিটার বাইপাস/ টেম্পারিং করা হতে বিরত থাকুন। এসব কর্মকান্ডে আপনি অর্থদন্ড ও আইনি জটিলতায় পড়তে পারেন।

✓ মানসম্মত ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য আমরা নিরলসভাবে কাজ করে যাচ্ছি ।

নিবেদক<br>
নির্বাহী প্রকৌশলী<br>
বিক্রয় ও বিতরণ বিভাগ-২<br>
নেসকো লিঃ গাইবান্ধা<br>
মোবাইলঃ০১৭০৯৯৯৬৭৫৬<br>
টেলিফোনঃ ০৫৪১-৫১১২৫